# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

বনু মুছত্বালিক্ব যুদ্ধ (غزوة بني المصطلق أو المريسيع) (৬ষ্ঠ হিজরীর ৩রা শা‘বান)

মদীনা থেকে একদিনের পথের দূরত্বে অবস্থিত (যাদুল মা‘আদ ৩/২২৯ টীকা-২) মুরাইসী‘ নামক ঝর্ণাধারার নিকট উপনীত হওয়ার পর উভয় পক্ষে যুদ্ধ শুরু হয়। মুসলমানগণ সহজে বিজয় অর্জন করেন। কাফের পক্ষের ১০ জন নিহত ও ১৯ জন আহত হয়। মুসলিম পক্ষে একজন নিহত হন। জনৈক আনছার তাকে শত্রু ভেবে ভুলক্রমে হত্যা করেন। গোত্রনেতা হারেছ কন্যা জুওয়াইরিয়া (جُوَيْرِيَةَ)-এর সঙ্গে রাসূল (ছাঃ)-এর বিবাহ হয়। ফলে শ্বশুর গোত্রের লোক হওয়ায় বিজিত দলের একশ’ পরিবারকে মুক্তি দিলে তারা সবাই ইসলাম কবুল করে। ওহোদ যুদ্ধের পর সর্বপ্রথম মুনাফিকদের একটি দলকে এই সময় রাসূল (ছাঃ)-এর সাথে যুদ্ধে যাবার অনুমতি দেওয়া হয় এবং তারা যথারীতি মুনাফেকী করে। যুদ্ধ হ’তে ফেরার পথে ইফকের ঘটনা ঘটে এবং এদেরই চক্রান্তে তাতে নানা ডালপালা বিস্তার করে। এই সময় সূরা মুনাফিকূন নাযিল হয় এবং পরে হযরত আয়েশা (রাঃ)-এর পবিত্রতা বর্ণনায় সূরা নূর ১১-২০ পর্যন্ত ১০টি আয়াত নাযিল হয়।[1] বিস্তারিত বিবরণ নিম্নরূপ।-

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/২৯৭; যাদুল মা‘আদ ৩/২৩৭; আর-রাহীক্ব ৩২৫ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন